

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৫৩৩  
আগরতলা, ১১ মার্চ, ২০১৯

**উচ্চতর মাধ্যমিক : আজ পরীক্ষা ছিলো শান্তিপূর্ণ**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০১৯ সালের উচ্চতর মাধ্যমিক পরীক্ষার আজ বিজনেস স্টাডিস / এডুকেশন / ফিজিক্স, মাদ্রাসা ফাজিল আর্টস-এর এডুকেশন এবং মাদ্রাসা ফাজিল থিওলজি-এর ইসলামিক হিস্ট্রি বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়। আজ রাজ্যের মোট ৫৯টি (উপকেন্দ্র সহ ৮১টি) উচ্চতর মাধ্যমিক পরীক্ষাকেন্দ্রের সবকয়টি পরীক্ষাকেন্দ্রের অবস্থা শান্তিপূর্ণ ছিলো। আজকের এই পরীক্ষায় অসদুপায় অবলম্বন করার জন্য কোনও পরীক্ষার্থীকে বহিষ্কার করার সংবাদ পাওয়া যায়নি। অবশ্য সব পরীক্ষাকেন্দ্রের সব তথ্য এই সংবাদ প্রেরণ করা পর্যন্ত পাওয়া যায়নি। আজকের এই পরীক্ষায় পর্ষদের সভাপতি ড. ভবতোষ সাহা ধর্মনগর ও কৈলাসহর কেন্দ্রের অন্তর্গত বেশ কিছু পরীক্ষাকেন্দ্র পরিদর্শন করেন। পর্ষদের উপসচিব শুভাশিস চৌধুরী রাণীরবাজার বিদ্যামন্দির, রামকৃষ্ণ বিবেকানন্দ বিদ্যালয়, মহাত্মা গান্ধী মেমোরিয়াল ও বোধজৎ উচ্চমাধ্যমিক বালিকা বিদ্যালয় এবং পর্ষদের বিশেষ আধিকারিক ইন্দ্রজিৎ দাস ও রঞ্জন সরকার বক্সনগর উচ্চমাধ্যমিক বিদ্যালয় এবং বিশালগড় উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের পরীক্ষাকেন্দ্রগুলি পরিদর্শন করেন। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়।

\*\*\*\*\*